উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

ভর্তি বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-১৪/২০০৭-১৪৩৪৪

তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ / ১০ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ ২০২০ শিক্ষাবর্ষে শিশু ও অন্যান্য শ্রেণিতে (বাংলা মাধ্যম ও ইংরেজি ভার্সন) ভর্তি প্রসঙ্গে।

১। (ক) শিশুশ্রেণি ও প্রথমশ্রেণির ক্ষেত্রে সাক্ষাত্কারের মাধ্যমে প্রাথমিক নির্বাচন এবং লটারির মাধ্যমে চূড়ান্ত নির্বাচন করা হবে।
(খ) ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৭ম ও ৮ম শ্রেণির ক্ষেত্রে লিখিত পরীক্ষার ভিত্তিতে প্রাথমিক নির্বাচন এবং সাক্ষাত্কারের মাধ্যমে চূড়ান্ত নির্বাচন করা হবে।
(গ) ৬ষ্ঠ ও ৯ম শ্রেণির ক্ষেত্রে যথাক্রমে পিইসি ও জেএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সাক্ষাত্কারের মাধ্যমে চূড়ান্ত নির্বাচন করা হবে।

২। **প্রার্থীর বয়সঃ** (ক) শিশু শ্রেণি: ০১ জানুয়ারি ২০২০ খ্রি: তারিখে যাদের বয়স ৫ বছরের বেশি কিন্তু ৬ বছরের কম।
(খ) ১ম শ্রেণি: ০১ জানুয়ারি ২০২০ খ্রি: তারিখে যাদের বয়স ৬ বছরের বেশি কিন্তু ৭ বছরের কম।

৩। ভর্তির আবেদন আগামী ০১ অক্টোবর থেকে ২৩ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত অনলাইনের মাধ্যমে গ্রহণ করা হবে।

৪। বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.udayan.edu.bd) গিয়ে Admission মেন্যু থেকে Online Admission এ ক্লিক করতে হবে।

৫। অনলাইনে প্রদর্শিত আবেদন ফরমটি সঠিকভাবে পূরণ করতে হবে। প্রার্থী ও মাতা-পিতার রঙিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel × প্রস্থ 300 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির ফাইল সাইজ অনূর্ধ 70 KB হতে হবে।

৬। পূরণকৃত আবেদন ফরম Final Submit করার পর যে নির্দেশনা আসবে তা ভালোভাবে পড়ে নিতে হবে এবং পূরণকৃত আবেদন ফরম ও পে-স্লিপ এর রঙিন প্রিন্ট নিতে হবে।

৭। প্রিন্টকৃত দুই অংশবিশিষ্ট পে-স্লিপটির মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোনো শাখায় **সোনালী সেবার** কাউন্টারে আবেদন ফি (আবেদন ফি ২০০/- + ব্যাংক চার্জ ২০/- + ভ্যাট ৩/-) ২৪ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার বিকাল ৩:০০ মিনিটের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যাংক কর্মকর্তার সিল-স্বাক্ষরযুক্ত পেমেন্ট স্লিপের শিক্ষার্থীর অংশটিই প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।

৮। সাক্ষাত্কারের সময় প্রার্থী, প্রার্থীর মাতা-পিতা/মাতা-পিতার অবর্তমানে আইনানুগ অভিভাবককে অবশ্যই সাক্ষাত্কার বোর্ডে উপস্থিত থাকতে হবে।

৯। **প্রিন্টকৃত আবেদন ফরম (Print Information Form)-টি আগামী ২৬ ও ২৭ অক্টোবর ২০১৯ বিদ্যালয় প্রাঙ্গণের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে। উক্ত আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:-**
(ক) পে-স্লিপের ফটোকপি
(খ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি
(গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও প্রার্থীর মাতা-পিতার এসএসসি পরীক্ষার সনদ এর ফটোকপি [শুধু শিশু ও ১ম শ্রেণির জন্য প্রযোজ্য]
(ঘ) ক্যাচমেন্ট এরিয়া কোটায় আবেদনকারীদের মধ্যে বাসস্থানের ক্ষেত্রে ইউটিলিটি বিলের (এলোটমেন্ট পেপার/বিদ্যুৎ/পানি/টেলিফোন) এবং কর্মস্থলের ক্ষেত্রে নিয়োগপত্র বা প্রত্যয়নপত্র বা পরিচয়পত্রের ফটোকপি [শুধু শিশু ও ১ম শ্রেণির জন্য প্রযোজ্য]
(ঙ) ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৭ম ও ৮ম শ্রেণির ক্ষেত্রে পূর্ববর্তী ক্লাসের রিপোর্ট কার্ডের ফটোকপি

১০। **সাক্ষাত্কারের সময় যে সকল কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে:-**
(ক) **পে-স্লিপ (Print Payslip) এর মূল কপি**
(খ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের মূলকপি
(গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও প্রার্থীর মাতা-পিতার এসএসসি পরীক্ষার সনদ এর মূল কপি [শুধু শিশু ও ১ম শ্রেণির জন্য প্রযোজ্য]
(ঘ) ক্যাচমেন্ট এরিয়া কোটায় আবেদনকারীদের মধ্যে বাসস্থানের ক্ষেত্রে ইউটিলিটি বিলের (এলোটমেন্ট পেপার/বিদ্যুৎ/পানি/টেলিফোন) এবং কর্মস্থলের ক্ষেত্রে নিয়োগপত্র বা প্রত্যয়নপত্র বা পরিচয়পত্রের মূল কপি [শুধু শিশু ও ১ম শ্রেণির জন্য প্রযোজ্য]
(ঙ) ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৭ম ও ৮ম শ্রেণির ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর সাক্ষাত্কারের সময় পূর্ববর্তী ক্লাসের রিপোর্ট কার্ডের মূল কপি

১১। শিশুশ্রেণি ও প্রথমশ্রেণির সাক্ষাত্কার এবং অন্যান্য শ্রেণির লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি বিদ্যালয়ের নোটিস বোর্ড ও ওয়েবসাইটের (www.udayan.edu.bd) মাধ্যমে পরে জানানো হবে।

১২। ভর্তি সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য বিদ্যালয়ের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এর Notice Board-এ প্রদর্শিত বিজ্ঞপ্তি দেখতে হবে।

১৩। আবেদনে **ভুল তথ্য প্রদান করলে অথবা চাহিদা মোতাবেক কাগজপত্র সরবরাহ না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।** এছাড়া আবেদন ফরমে কোটার ঘরে সঠিকভাবে কোটা সিলেক্ট না করলে এবং কোটার অনুকূলে ডকুমেন্ট সাবমিট না করলে কোটা সুবিধা প্রাপ্য হবে না।

একনজরে গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- অনলাইনে ফরম পূরণ শুরুর সময় : ০১ অক্টোবর ২০১৯ সকাল ০৮:০০ টা
- অনলাইনে ফরম পূরণের শেষ সময় : ২৩ অক্টোবর ২০১৯ রাত ০৯:০০ টা
- ব্যাংকে টাকা জমাদানের শেষ সময় : ২৪ অক্টোবর ২০১৯ বিকাল ৩:০০ টা
- বিদ্যালয় প্রাঙ্গণে নির্ধারিত কাউন্টারে আবেদন ফরম জমা: ২৬ ও ২৭ অক্টোবর ২০১৯ (সকাল ৯:০০ - দুপুর ২:০০)

অধ্যক্ষ

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
অফিস আদেশ

স্মারক নং: উবি-১৪/২০০৭-১৪৩৬৭ তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ / ১৫ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: ২০২০ শিক্ষাবর্ষে শিশু ও ১ম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে ক্যাচ্‌মেন্ট এরিয়া ও অন্যান্য কোটা নির্ধারণ প্রসঙ্গে।

১। নিম্নলিখিত প্রতিষ্ঠান ও এলাকা উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ক্যাচ্‌মেন্ট এরিয়ার অন্তর্ভুক্ত বলে গণ্য হবে:

ক) প্রতিষ্ঠানের নাম:

(১) ঢাকা বিশ্ববিদ্যালয়
(২) ব্রিটিস কাউন্সিল
(৩) ঢাকা মেডিকেল কলেজ
(৪) বুয়েট
(৫) ইডেন কলেজ
(৬) গার্হস্থ্য অর্থনীতি কলেজ
(৭) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (BSMMU)
(৮) পাবলিক লাইব্রেরি
(৯) জাতীয় জাদুঘর
(১০) বারডেম
(১১) বাংলা একাডেমি
(১২) বাংলাদেশ শিশু একাডেমি
(১৩) বিসিএস একাডেমি
(১৪) পরিকল্পনা একাডেমি
(১৫) ব্যানবেইস (BANBEIS)

খ) এলাকার নাম:

(১) ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা
(২) পলাশী কলোনী
(৩) আজিমপুর কলোনী
(৪) কাঁটাবন
(৫) চাঁনখারপুল
(৬) নীলক্ষেত

ক্যাচমেন্ট এরিয়া কোটা	- ৪০%
মুক্তিযোদ্ধা কোটা	- ৫%
শিক্ষা মন্ত্রণালয় কোটা	- ২%

* সংশ্লিষ্ট কোটার প্রমাণস্বরূপ প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি প্রিন্টকৃত আবেদন ফরমের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে এবং সাক্ষাত্‌কারের সময় **মূল কপি** সঙ্গে আনতে হবে।

২। একজন প্রার্থী একটি মাত্র কোটায় আবেদন করতে পারবে। বর্ণিত কোটার সপক্ষে যথাযথ প্রমাণ পেশ করতে হবে। **বিশেষভাবে উল্লেখ্য যে, ক্যাচ্‌মেন্ট এরিয়া কোটা কেবলমাত্র শিশু ও ১ম শ্রেণির জন্য প্রযোজ্য।**

৩। একজন প্রার্থী বাংলা ভার্সন বা ইংরেজি ভার্সন বা উভয় ভার্সনেই আলাদাভাবে আবেদন করতে পারবে।

ড. উম্মে সালেমা বেগম
অধ্যক্ষ

বিতরণ:

১। ভর্তি কমিটি
২। অফিস কপি
৩। সমন্বয়কারী

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-১৪/২০০৭-১৪৩৭৫ তারিখ: ০১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ / ১৬ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: ভর্তি - ২০২০ সংক্রান্ত আনুষঙ্গিক তথ্য।

সূত্র: স্মারক নং: উবি-১৪/২০০৭-১৪৩৪৪, তারিখঃ ২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ / ১০ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

১। ২০২০ শিক্ষাবর্ষে শিশু হতে নবম শ্রেণি পর্যন্ত যে সকল শ্রেণি ও ভার্সনে আসন শূন্য থাকায় ভর্তির আবেদন গ্রহণ করা হচ্ছে, তার তথ্য নিম্নরূপ:-

ক্রমিক	শ্রেণি	বাংলা মাধ্যম	ইংরেজি ভার্সন
০১	শিশু	√	√
০২	প্রথম	√	×
০৩	দ্বিতীয়	√	√
০৪	তৃতীয়	√	√
০৫	চতুর্থ	√	×
০৬	পঞ্চম	√	√
০৭	ষষ্ঠ	√	×
০৮	সপ্তম	×	√
০৯	অষ্টম	√	N/A
১০	নবম	√	N/A

২। আরেকটি বিষয় উল্লেখ্য যে, অনলাইনে আবেদন গ্রহণের তারিখ ও সময়কাল অভিন্ন হলেও ২৬ ও ২৭ অক্টোবর শুধুমাত্র শিশু ও প্রথম শ্রেণির ফরম জমা নেয়া হবে। অন্যান্য শ্রেণির আবেদন ফরম জমা নেয়ার তারিখ পরে জানানো হবে।

ড. উম্মে সালেমা বেগম
অধ্যক্ষ